# আত্ তারগীব ওয়াত্ তারহীব

হাদিস নাম্বারঃ ২২৫

৪. পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ১২) ওযুর পর দু'আ পাঠের প্রতি উদ্বুদ্ধকরণ

الترغيب في كلمات يقولهن بعد الوضوء

আরবী

(صحيح) وَعَنْ أَبِيْ سَعِيْدٍ الْخُدرِيْ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ : من قرأ سورة الكهف كانت له نورا يوم القيامة من مقامه إلى مكة ومن قرأ عشر آيات من آخرها ثم خرج الدجال لم يضره ومن توضأ فقال سُبْحَانَكَ اللَّهُمَّ وَبِحَمْدِكَ، لا إِلَهَ إلا أَنْتَ، أَسْتَغْفِرُكَ وَأَتُوبُ إِلَيْكَ كتب في ورق ثم جُعل في طابع فلم يُكسر إلى يوم القيامة.
رواه الطبراني في الأوسط ورواه النسائي

বাংলা

২২৫. (সহীহ) আবু সাঈদ খুদরী (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেছেনঃ ”যে ব্যাক্তি সূরা কাহাফ পাঠ করবে, তার জন্য কিয়ামতের দিন সে যে স্থানে থাকবে সেখান থেকে মক্কা পর্যন্ত দুরত্ব বরাবর একটি নূর হবে। যে ব্যাক্তি অত্র সূরার শেষ দশটি আয়াত পাঠ করবে, দাজ্জাল বের হলে তার কোন ক্ষতি করতে পারবে না। এবং যে ব্যাক্তি ওযু শেষ করে এই দু'আ পাঠ করবে [সুবহানাকাল্লাহুম্মা ওয়া বেহামদিকা, আশহাদু আল্লাহ-ইলা-হা ইল্লা-আন্তা আস্তাগফিরুকা ওয়া আতূবু ইলাইকা] (অর্থঃ তোমার প্রশংসার সাথে তোমার পবিত্রতা ঘোষণা করছি হে আল্লাহ! আমি সাক্ষ্য দিচ্ছি যে, তুমি ছাড়া কেউ হক মাবূদ নেই। তোমার কাছে ক্ষমা প্রার্থনা করছি ও তওবা করছি।) তবে, তা একটি চামড়া বা সাদা কাগজে লিখে সীলমোহর করে রাখা হয়। কিয়ামতের আগে তা আর খোলা হবে না।”

(হাদীছটি বর্ণনা করেছেন ত্ববরানী [আওসাত গ্রন্থে] ১৪৫৫)

নাসাঈ বর্ণনা করার পর বলেনঃ خُتم عليها بخاتم فوضعت تحت العرش فلم تكسر إلى يوم القيامة ”তার উপর একটি সীল মেরে দেয়া হয়, অতঃপর তা আরশের নীচে রেখে দেয়া হয়। কিয়ামতের আগে তা আর খোলা হবে না।”

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী  বর্ণনাকারীঃ আবূ সা’ঈদ খুদরী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=87985

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন